মেহেরপুর জেলা বিএনপির নেতাদের পৌরসভা ৪ নং ওয়ার্ড বাসীর সংবর্ধনা

মেহেরপুর জেলা বিএনপির নবগঠিত আহাবায়ক কমিটিকে মেহেরপুর পৌরসভা ৪ নং ওয়ার্ডের কালাচাঁদপুর বাসীর পক্ষ থেকে সংবর্ধনা দেওয়া হয়েছে। গতকাল শনিবার রাত আটটার দিকে মেহেরপুরে পৌরসভা ৪ নং ওয়ার্ডের কালাচাঁদপুর বিএনপি’র আয়োজনে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর পৌরসভা ৪ নং ওয়ার্ডের কালাচাঁদপুরের বিএনপির সাবেক সভাপতি মোঃ আব্দুল জলিলের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন।

সংবর্ধনা অনুষ্ঠানে মেহেরপুর জেলা বিএনপির সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন সঞ্চালনায় সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, জেলা বিএনপি’র সিনিয়ার যুগ্ন আহবায়ক যুগ্ন আহবায়ক আমিরুল ইসলাম, জেলা বিএনপির যুগ্ম আহবায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ।

এই সময় আরো উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি এম এ কে খায়রুল বাশার, সাবেক সহ-সভাপতি আনছা-উল-হক, সাবেক সহ-সভাপতি আলমগীর খান সাতু, হাফিজুর রহমান হাফি, সহ-সভাপতি ওমর ফারুক লিটন, জেলা বিএনপি সাবেক সহ সাংগঠনিক সম্পাদক রেজাউল করিম, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউছার আলী, জেলা জাসাসের সদস্য সচিব

বাকাবিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমুল হোসেন মিন্টু, পৌর বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আলমগীর হোসেন কেন্দ্রীয় যুবদলের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক প্রিন্স আহমেদ ইমরান,জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল হক লাভলু, ছাত্রনেতা অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি,

জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, পৌরসভা ৪ নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর আব্দুর রহিম, সহ পৌরসভা ৪ নং ওয়ার্ডের কালাচাঁদপুর বিএনপির নেতা কর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জেলা যুবদল ও ছাত্রদলের প্রতিবাদ মিছিল

আওয়ামী লীগের বিভিন্ন নৈরাজ্য সন্ত্রাসী মূলক কর্মকান্ডের বিরুদ্ধে মেহেরপুর জেলা যুবদল ও ছাত্রদলের প্রতিবাদ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার রাত আটটার দিকে জেলা বিএনপি’র কার্যালয় থেকে মিছিলটি বের হয় প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পৌরসভা সামনে শেষ হয়। এ সময় উপস্থিত ছিলেন জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ, মাহবুব সানি, সাবেক ছাত্রনেতা অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক সাঈদ বিন রফিক সিজার,

জেলা যুবদলের সাংস্কৃতিক সম্পাদক আসাদুজ্জামান জনি, জেলা যুবদলের সদস্য মোঃ রাকিবুল ইসলাম সজল, জেলা যুবদলের সদস্য মোঃ রেমিম, পৌর ছাত্রনেতা ফুর্তি হাসান, জেলা জিয়া সাইবার ফোর্স যুগ্ন আহবায়ক নাজমুল হাসান সোহাগ সহ ছাত্রদল ও যুবদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বৈষম্য বিরোধী

ছাত্রদের উপর হামলা মামলায় কাউন্সিলর গ্রেফতার

মেহেরপুরে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শিক্ষার্থীদের ওপর হামলার অভিযোগে সন্ত্রাস বিরোধী দমণ আইনে দায়ের করা মামলায় মেহেরপুর পৌর সভার ৭ নং ওয়ার্ডের কাউন্সিলর নুরুল আশরাফ রাজীবকে গ্রেফতার করেছে সদর থানা পুলিশ।

গতকাল শনিবার সন্ধ্যা ৬ টার দিকে মেহেরপুর শহরের মল্লিকপাড়ায় পুলিশের একটি টিম অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। নুরুল আশরাফ রাজীব শহরের মল্লিকপাড়া এলাকার আশরাফুল ইসলামের ছেলে ও মেহেরপুর পৌরসভার সাত নম্বর ওয়ার্ডের দুইবারের নির্বাচিত কাউন্সিলর।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ মেসবাহ উদ্দীন এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, নুরুল ইসলাম রাজিব বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতাকর্মীর উপর হামলার অপরাধে দায়ের করা জিআর ২৬৩/২৫ নং মামলার এজাহার নামীয় ৩৮ নং আসামি। মেহেরপুর বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক হাসনাত জামান বাদী হয়ে সন্ত্রাসবিরোধী বিশেষ ট্রাইব্যুনাল ও জেলা জজ আদালতের বিচারক মঞ্জুরুল ইমামের আদালতে মামলার আবেদন করলে। আদালত আবেদনটি আমলে নিয়ে সদর থানাকে এজাহার নথিভুক্ত করার নির্দেশ দেন।

মামলায় সাবেক জনপ্রশাসনমন্ত্রী ফরহাদ হোসেনসহ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের ৬৮ জনের নাম উল্লেখ করে সন্ত্রাসবিরোধী আইনে মামলা হয়েছে। মামলায় অজ্ঞাত আসামি করা হয় ১০০ জনকে। মামলায় প্রধান আসামি করা হয় সাবেক জনপ্রশাসনমন্ত্রী ফরহাদ হোসেন। এছাড়াও মামলার উল্লেখযোগ্য আসামিরা হলেন সাবেক মন্ত্রী ফরহাদ হোসেনের স্ত্রী, যুবলীগের কেন্দ্রীয় কমিটির সহসভাপতি সৈয়দ মোনালিসা ইসলাম, মন্ত্রীর ভগ্নিপতি ও জেলা আওয়ামী লীগের সহসভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক ও মন্ত্রীর ছোট ভাই সরফরাজ হোসেন মৃদুল, সদর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মন্ত্রীর নিকট আত্মীয় মোমিনুল ইসলাম, ছাত্রলীগের সভাপতি আবদুস সালাম বাঁধন, ছাত্রলীগের সাবেক সভাপতি মাহফুজুর

রহমান, উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আনারুল ইসলাম, যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম।

মামলার আরজিতে উল্লেখ করা হয়, ৪ আগস্ট মেহেরপুর পৌর শহরে একটি সমাবেশ করেন শিক্ষার্থীরা। সমাবেশ থেকে পরদিন ৫ আগস্ট মিছিল সমাবেশের ঘোষণা দেওয়া হয়। এ ঘটনার পর জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক সরফরাজ হোসেনের নির্দেশে শহরের বিভিন্ন এলাকায় আন্দোলনে যোগ দেওয়া শিক্ষার্থীদের বাড়িতে গিয়ে লাঠিপেটা করেন ছাত্রলীগের নেতা-কর্মীরা।

পরদিন দুপুরে ছাত্র-জনতা এক দফা দাবি নিয়ে মাঠে নামলে আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা তাঁদের ওপর হামলা করেন। এতে চারজন শিক্ষার্থীসহ কয়েকজন আহত হন। মামলায় সাবেক মন্ত্রী ফরহাদ হোসেন, তার ভাই সরফরাজ হোসেন মৃদুল, ভগ্নিপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, মন্ত্রীর বোন শামীম আরা হিরাকে গ্রেফতার করেছে র্যাব ও পুলিশ।

এই মামলায় সম্প্রতি ফরহাদ হোসেনকে দুই দিনের রিমান্ড নিয়েছে। বর্তমানে তারা জেল হাজতে রয়েছে। এছাড়া মন্ত্রীর স্ত্রী সৈয়দা মোনালিসা ইসলাম পলাতক রয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৩

২৬ গ্রাম হেরোইনসহ মোঃ সাজিবর রহমান ওরফে সাজু (৫০) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ। অপরদিকে মেহেরপুর সদর থানা পুলিশ অভিযান চালিয়ে আদালতের পরোয়ানাভূক্ত মোঃ মামুন হোসেন ও মোঃ আকাশ খাঁন (২২) নামের দুই পলাতক আসামি গ্রেফতার করেছে।

হেরোইনসহ গ্রেফতার সজিবর রহমান সাজু মুজিবনগর উপজেলার গৌরিনগর

গ্রামের মোঃ তবারক মন্ডলের ছেলে।

এছাড়া মোঃ মামুন হোসেন(৩৪) সদর উপজেলার কুতুবপুর গ্রামের মোঃ আশরাফ বিশ্বাসের ছেলে। তার নামে জিআর ৫/২১ নং মামলার আদালতের পরোয়ানাভুক্ত পলাতক আসামি ও মোঃ আকাশ খাঁন মেহেরপুর শহরের মল্লিকপাড়ার মৃত ইকবাল খাঁনের ছেলে।

তার বিরুদ্ধে মেহেরপুর আদালতে জিআর -২৪৩/২২, ও জিআর ৩৩৮/২২ মামলার আসামি। জেলা গোয়েন্দা শাখার ওসি গোপাল কুমার জানান, গতকাল শনিবার দুপুরের দিকে গোপন সংবাদের ভিত্তিত্বে মুজিবনগর উপজেলার পুরন্দরপুর গ্রামের ময়ামারী মাঠের মধ্যে একটি পেঁয়াজ ক্ষেতের পাশে অভিযান চালিয়ে ২৬ হেরোইন সহ আসামী মোঃ সাজিবর রহমানকে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে মুজিবনগর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতে নেওয়া হয়েছে।

জেলা গোয়েন্দা শাখার উপপরিদর্শক (এসআই) (নি:) মোঃ আবু বক্কার সিদ্দিক ও সঙ্গীয় ফোর্স অভিযানে অংশ নেন। অপরদিকে সদর থানার ওসি শেখ মেসবাহ উদ্দীন জানান, সদর থানা পুলিশের পৃথক টিম গোপন সংবাদের ভিত্তিতে মামুন ও আতকাশ খানের বাড়িতে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়।

অভিযানে পুলিশ পরিদর্শক মোঃ জাহাঙ্গীর সেলিম, উপপরিদর্শক (এসআই) (নিঃ) মোঃ ফারুক হোসেন, এসআই (নিঃ) মোঃ মাহাতাব উদ্দিন, এএসআই(নিঃ) মোঃ শফিকুল ইসলাম, এএসআই(নিঃ) শহিদুল ইসলাম, এএসআই(নিঃ) মোঃ মাহবুব আলমসহ সঙ্গীয় ফোর্স অংশ নেন। গ্রেফতারকৃতদের গতকাল শনিবার বিকালে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে জামায়াতে ইসলামীর দায়িত্বশীল শিক্ষা বৈঠক

গাংনী উপজেলার মড়কা বাজারে জামায়াতে ইসলামীর দায়িত্বশীল শিক্ষা

বৈঠক অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১ ফেব্রুয়ারি) সকাল থেকে দুপুর পর্যন্ত এই বৈঠক অনুষ্ঠিত হয়।

রাইপুর ইউনিয়ন জামায়াতের সভাপতি হজরত আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত দায়িত্বশীল শিক্ষা বৈঠকে প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা তাজ উদ্দিন খান।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা জামায়াতের আমির ডাক্তার মোহাম্মদ রবিউল ইসলাম, মেহেরপুর জেলা জামায়াতের সূরা ও কর্মপরিষদ সদস্য সাবেক উপজেলা চেয়ারম্যান নাজমুল হুদা।

রায়পুর ইউনিয়ন জামায়াতের সেক্রেটারি মনোয়ার হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠিত দায়িত্বশীল শিক্ষা বৈঠকে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জামায়াতের রুকন শফিউর রহমান। এসময় জামায়াতে ইসলামীর রাইপুর ইউনিয়নের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে তারুণ্যের উৎসব উপলক্ষে মতবিনিময় সভা

মেহেরপুরে এসো দেশ বদলাই পৃথিবী বদলাই নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে তারুণ্যের উৎসব ২০২৫ উপলক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। উদ্যোমি ও বিপ্লবী ছাত্র-জনতার উজ্জ্বল ভবিষ্যৎ নির্মাণের ন্যায় ও সমতার ভিত্তিতে বৈষম্য বিরোধী সংস্থারযুক্ত রাষ্ট্রবিধান রচনা ও ভবিষ্যত কর্মপন্থা নির্ণয় মূলক।

শনিবার(১ ফেব্রুয়ারি) সকাল ১১ টার দিকে মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়নে আমঝুপি মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে মতবিনিময় সভার আয়োজন করা হয়।

আমঝুপি মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর বিশ্ব বিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ডঃ শেখ বখতিয়ার উদ্দীন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এ আর বি

কলেজের অধ্যক্ষ মোঃ আনোয়ারুজ্জামান, পিএস ডঃ তারিক আজিজ। মুখ্য বিপ্লবী অতিথি মেহেরপুর বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন আহবায়ক ইমতিয়াজ আহমেদ।

মতবিনিময় সভার অনুষ্ঠানে মানব উন্নয়ন কেন্দ্র মকউ মানব অধিকার কর্মী ও জেলা প্রোগ্রাম ম্যানেজার সাদ আহমেদ সঞ্চালনায়। অনুষ্ঠানে পবিত্র কোরআন তেলাওয়াত করেন মানব উন্নয়ন কেন্দ্র মকউ সদস্য শাহিনুর হোসেন।

মেহেরপুর পৌর বিএনপি’র নেতৃত্বে মিছিল

মেহেরপুর পৌর বিএনপি’র কর্মীসভায় যোগ দিতে বিএনপি নেতা বখতিয়ার, রোলেক্স এর নেতৃত্বে মিছিলটি বের করা হয়।

আজ শুক্রবার (৩১ শে জানুয়ারি) বিকেল চারটার দিকে মেহেরপুর শহরের মল্লিক পারাস্থ্য রোলেক্সে দলীয় কার্যালয় থেকে একটি মিছিল মেহেরপুর সদর উপজেলা বিএনপি ও পৌর বিএনপি’র যৌথ কর্মী সভায় যোগদান উপলক্ষে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে কাথুলী রোডের খান কমিউনিটি সেন্টারে যেয়ে শেষ হয়।

এই সময় মিছিলে নেতৃত্বে দেন পৌর বিএনপি নেতা বখতিয়ার হোসেন ও যুবদলের নেতা মেহেদী হাসান রোলেক্স অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার সর্বস্তরের বিএনপি সহ অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

মেহেরপুর সদর উপজেলা ও পৌর

বিএনপির কমিটি বিলুপ্ত ঘোষণা

মেহেরপুর সদর উপজেলা ও পৌর বিএনপির কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয়েছে। বিএনপির কেন্দ্র ঘোষিত প্রক্রিয়ায় দলের পুনর্গঠন করে স্থানীয় ও জাতীয় পর্যায়ে সকল চ্যালেঞ্জ মোকাবেলার লক্ষ্যে আজ শুক্রবার (৩১জানুয়ারি) বেলা সাড়ে তিনটার দিকে মেহেরপুরে কাথুলী রোড খাঁন কমিউনিটি সেন্টারে মেহেরপুর সদর উপজেলা ও পৌর বিএনপির যৌথ কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

এ সভা থেকে দুটি কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয়।

কর্মী সমাবেশে অনুষ্ঠানে মেহেরপুর জেলা বিএনপির সাবেক সহ সভাপতি আলমগীর খান সাতুর সভাপতিত্বে জেলা বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন এর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান, যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম, অধ্যাপক ফয়েজ মোহাম্মদ।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন,মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আনছা-উল-হক সাবেক সহ-সভাপতি মীর ফারুক জেলা বিএনপির সহ-সভাপতি ওমর ফারুক লিটন, জেলা বিএনপি সাবেক সাংগঠনিক সম্পাদক রোমানা আহম্মেদ, জেলা বিএনপি আইন বিষয়ক সম্পাদক ও পাবলিক প্রসিকিউটর জেলা ও দায়রা জজ আদালত আবু সালেহ মোহাম্মদ নাসিম,

এ সময় অন্যদের মধ্যে আরো উপস্থিত ছিলেন, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমুল হোসেন মিন্টু,জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, সাবেক পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপ্নন, জেলা যুবদলের সহ সভাপতি আনিসুল হক লাভলু, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, মেহেরপুর জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, আব্দুল লতিফ, মোশিউল আলম দিপু, নাহিদ আহম্মেদ,পৌর ছাত্রনেতা ফুর্তি হাসান, জনি সহ বিএনপির অঙ্গসংগঠনের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

দলের সবাইকে নিয়ে নতুন শক্তিশালী কমিটি গঠনের লক্ষ্যে মেহেরপুর উপজেলা ও পৌর বিএনপির কমিটি বিলুপ্ত ঘোষণা করেন জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন। দ্রুততম সময়ের মধ্যে এ দুটি ইউনিটের আহবায়ক কমিটির মাধ্যমে নতুন কমিটি গঠন প্রক্রিয়া শুরু হবে বলে জানান আহবায়ক ও সদস্য সচিব।

মেহেরপুরে সন্ত্রাস দমন আইন মামলায় এক আসামি গ্রেফতার

মেহেরপুর সদর থানায় সন্ত্রাস বিরোধী আইনে দায়ের করা মামলার এজাহার নামীয় আসামী আওয়ামী লীগ নেতা মোঃ ফিরোজুর রহমান ফিরোজ আলী (৪৭)কে গ্রেফতার করেছে সদর থানা পুলিশ।

গ্রেফতারকৃত ফিরোজুর রহমান মেহেরপুর সদর উপজেলার আমদদহ গ্রামের মৃত বুরহান আলীর ছেলে ও আওয়ামী লীগের স্থানীয় নেতা।
সদর থানা পুলিশের অটর একটি অভিযানে সিআর নং-পাঃ জারী-২৫/১৮ মামলার আসামী মোঃ কাবিদুল ইসলামকে গ্রেফতার করেছে।
কাবিদুল ইসলাম মেহেরপুর শহরের ৯ নং ওয়ার্ড শিশুবাগান পাড়ার মৃত ফড়ু মিয়ার ছেলে।

আজ শুক্রবার (৩১ জানুয়ারি) সকাল থেকে দুপুর পর্যন্ত পৃথকুটি অভিযান চালিয়ে তাঁদের নিজ বাড়ি থেকে গ্রেফতার করেন।

মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ শেখ মেসবাহ উদ্দিনের নেতৃত্বে পুলিশ পরিদর্শক মোঃ জাহাঙ্গীর সেলিম, এসআই (নিঃ) প্রহলাদ রায়, এসআই (নিঃ) সুজয় কুমর মল্লিক, এএসআই(নিঃ) মাহবুব আলম, এএসআই(নিঃ) মনিরুজ্জামান, এএসআই(নিঃ) মোঃ হাসান শাহনেওয়াজ সঙ্গীও ফোর্স অভিযানে অংশ নেন।

মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ শেখ মেসবাহ উদ্দিন এই তথ্য নিশ্চিত করেছেন। আসামীদের আজ শুক্রবার মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে।

[redacted]

[redacted]

নেতা তন্ময়কে এক নম্বর, গাংনী উপজেলা ছাত্র লীগের সাবেক সাধারণ সম্পাদক বিপ্লব হোসেনকে ২ নং জীবন আকবরকে তিন নম্বর আসামি করে ৩৭ জনের নামে একটি মামলা দায়ের করেন।

মামলার অপর আসামিদের মধ্যে উল্লেখযোগ্যরা হলেন, গাংনী পৌরসভার সাবেক মেয়র আহম্মেদ আলী, আশরাফুল ইসলাম, রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন ছেপু, বামন্দী ইউনিয়ন চেয়ারম্যান ওবায়দুর রহমান কোমল, যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক মজিরুল ইসলাম, ছাত্র লীগের গাংনী উপজেলা শাখার সম্পাদক অনিক আহমেদ।

মামলার আইও গাংনী থানার উপপরিদর্শক (এসআই) অঙ্কুশ কুমার জানান, গোপন সংবাদের ভিত্তিতে গাংনী উপজেলা পরিষদ চত্তরে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়েছে। গ্রেফতারকৃত আসামি জীবন আকবরকে আদালতে নেয়ার প্রস্তুতি চলছে।